গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
ফোনঃ ৯৫৬২৭৯৫, ফ্যাক্সঃ ৮৮-২-৯৫৬২৯১৩
www.pwd.gov.bd

স্মারক নম্বর-২৫.৩৬.০০০০.২২০.০৫.৬৪২.২০-২৫৯৬/১

তারিখঃ- ২২/০২/১৪৩০ বঙ্গাব্দ
০৫/০৬/২০২৩ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ গণপূর্ত অধিদপ্তরে "সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ" কমিটির চতুর্থ সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ শহিদুল আলম
অতিরিক্ত প্রধান প্রকৌশলী(সওস), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
স্থান : অতিরিক্ত প্রধান প্রকৌশলী(সওস) এর অফিস কক্ষ।
তারিখ : ০৫/০৬/২০২৩খ্রিঃ
সময় : সকাল ১১.০০ঘটিকা।
উপস্থিতি : সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা "ক" দ্রষ্টব্য।

সভার শুরুতেই সভাপতি উপস্থিত সকল কর্মকর্তা'কে স্বাগত জানান। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব সেবা প্রদান প্রতিশ্রুতি সম্পর্কিত সংশ্লিষ্ট তথ্যাদি সভায় উপস্থাপন করেন। গণপূর্ত অধিদপ্তরের সেবা প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ সম্পর্কে সভায় অবহিত করেন। সভায় উপস্থিত কর্মকর্তাগণ জানান যে, গণপূর্ত অধিদপ্তরের সিটিজেন চার্টারে উল্লিখিত সেবা সেবাগ্রহিতাগণ যথাসময়ে পাচ্ছেন। এছাড়া, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অসমাপ্ত আত্মজীবনী অবলম্বনে নির্মিত পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র/ডকুমেন্টরী 'চিরঞ্জীব মুজিব' ডকুমেন্টরী প্রর্দশনীর বিষয়ে আলোচনা করা হয়।

গণপূর্ত অধিদপ্তরের সিটিজেন চার্টারে উল্লিখিত সেবাসমূহ বাস্তবায়নের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভার আলোচনা নিম্নরুপ:

| ক্রমিক | আলোচনার বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | **জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অসমাপ্ত আত্মজীবনী অবলম্বনে নির্মিত পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র/ডকুমেন্টরী:** জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অসমাপ্ত আত্মজীবনী অবলম্বনে নির্মিত পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র/ডকুমেন্টরী 'চিরঞ্জীব মুজিব' ডকুমেন্টরী গণপূর্ত অধিদপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারী উপস্থিতিতে সময় সূচী নির্ধারন পূর্বক জরুরি ভিত্তিতে প্রদর্শন করা প্রয়োজন। | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অসমাপ্ত আত্মজীবনী অবলম্বনে নির্মিত পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র/ডকুমেন্টরী 'চিরঞ্জীব মুজিব' ডকুমেন্টরী গণপূর্ত অধিদপ্তরের আওতাধীন দপ্তরসমূহে জরুরি ভিত্তিতে প্রদর্শনের আয়োজন গ্রহণ করতে হবে। | প্রধান কার্যালয়/গণপূর্ত জোন/ গণপূর্ত সার্কেল/ গণপূর্ত বিভাগসমূহ। |
| ০২ | **সিটিজেন চার্টার বিষয়ক প্রতিবেদন যথাসময়ে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় প্রেরণ করা হয়:** সংস্থাপন শাখা-১/২ হতে গণপূর্ত অধিদপ্তরের সকল কর্মকর্তাদের ছুটি, পাসপোর্টের অনাপত্তি, পিআরএল, পেনশনসহ সংস্থাপন সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সম্পন্ন হয়ে থাকে। সংস্থাপন শাখা-৩ হতে বিভাগীয় মামলাসহ গণপূর্ত অধিদপ্তরের ঠিকাদারি লাইসেন্স সংক্রান্ত সকল কার্যক্রম সম্পন্ন করা হয়। সংস্থাপন শাখা-৪ হতে গণপূর্ত অধিদপ্তরের সকল কর্মচারীদের বদলি, পদোন্নতি, বিভিন্ন ধরণের ছুটি, পিআরএল, পেনশনসহ যাবতীয় সংস্থাপন সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন হয়ে থাকে। | সিটিজেন চার্টারে উল্লেখিত সেবাসমূহ নির্ধারিত সময়ের মধ্যে প্রদান করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন)/ নির্বাহী প্রকৌশলী(সংস্থাপন) |
| ০৩ | **প্রশিক্ষণ ও অবহিত করণ সভা আয়োজন:** সভায় জানানো হয় যে, ২০২২-২০২৩ অর্থ বছরে সিটিজেন চার্টার বিষয়ক ২টি প্রশিক্ষণ ও অংশীজনদের সাথে ২টি অবহিতকরণ সভার আয়োজন করতে হবে। | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ২টি প্রশিক্ষণ এবং ০২টি স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিত করণ সভা বাস্তবায়ন করা হয়েছে। | প্রধান কার্যালয়, গণপূর্ত অধিদপ্তর/ পিডব্লিউডি ট্রেনিং একাডেমী ও টেস্টিং ল্যাবরেটরী, তেজগাঁও, ঢাকা। |
| ০৪ | **দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন:** গণপূর্ত অধিদপ্তরের সেবা প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভার আয়োজন করতে হবে। | সেবা প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ২টি সভা বাস্তবায়ন করা হয়েছে। আরও ২টি সভার আয়োজন করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন)/ নির্বাহী প্রকৌশলী (ওএন্ডএম) |

| ক্রমিক | আলোচনার বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০৫ | **সিটিজেন চার্টার হালনাগাদ করণ:** সময়ের পরিপেক্ষিতে নাগরিক সেবার ধরণ, প্রকৃতি ও সেবা প্রদানের প্রক্রিয়া পরিবর্তন হয়ে থাকে। এছাড়া, কর্মকর্তাগণের বদলি ও পদোন্নতির ফলে সিটিজেন চার্টারের নির্ধারিত অংশের পরিবর্তনের প্রয়োজন হয়। সে কারণে বিভিন্ন সময়ে সিটিজেন চার্টার হালনাগাদ করা একান্ত প্রয়োজন। সভায় সকল বিভাগ/সার্কেল/ জোন এর সিটিজেন চার্টার হালনাগাদের উপর গুরুত্ব আরোপ করা হয়। | নাগরিক সেবার ধরণ, প্রকৃতি ও সেবা প্রদানের প্রক্রিয়া এবং কর্মকর্তাগণের বদলি ও পদোন্নতির ফলে সিটিজেন চার্টারের নির্ধারিত অংশ পরিবর্তনের কারণে সিটিজেন চার্টার হালনাগাদ করতে হবে এবং হালনাগাদকৃত সিটিজেন চার্টার ওয়েবসাইটে আপলোড করতে হবে। | প্রধান কার্যালয়/সকল জোন/ সকল সার্কেল/সকল বিভাগের নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম এমআইএস বিভাগ-২, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা। |
| ০৬ | **অভিযোগ প্রতিকার ও অবহিত করণ সভা আয়োজন:** মন্ত্রীপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত অভিযোগ প্রতিকার সংক্রান্ত নির্দেশিকা-২০১৫ (পরিমার্জিত-২০১৮) এর ৫.১.১ (ক) অনুযায়ী অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) কর্মকর্তা নিয়োগ করা হয়। এ সংক্রান্ত অফিস আদেশ গণপূর্ত অধিদপ্তরের ওয়েব সাইটে আপলোড করা হয়েছে। কোন বিষয়ে অনিক কর্মকর্তা এর সিদ্ধান্তে সন্তুষ্ট না হলে সংক্ষুদ্ধ ব্যক্তি আপীল কর্মকর্তা বরাবর আবেদন করতে পারবেন বলে সভায় অবহিত করা হয়। অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনায় উল্লেখিত প্রশিক্ষণ ও অবহিত করণ সভা নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার বিষয়ে সভায় অভিমত ব্যক্ত করা হয়। | অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্ম-পরিকল্পনা ২০২২-২০২৩ বাস্তবায়নের লক্ষ্যে নির্ধারিত সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তি করতে হবে। ইতোমধ্যে ০২(দুই)টি অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা এবং ০২(দুই)টি প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন)/পরিচালক পিডব্লিউডি ট্রেনিং একাডেমী ও টেস্টিং ল্যাবরেটরী, তেজগাঁও, ঢাকা/ নির্বাহী প্রকৌশলী (তদন্ত কোষ) |
| ০৭ | **তথ্য অধিকার আইনে তথ্য প্রদান:** গণপূর্ত অধিদপ্তরের তথ্য প্রদানকারী কর্মকর্তা ও প্রধান প্রকৌশলীর স্টাফ অফিসার প্রশাসন ও প্রটোকল (নির্বাহী প্রকৌশলী) মনোনয়ন প্রদান করা হয়। এ সংক্রান্ত অফিস আদেশ গণপূর্ত অধিদপ্তরের ওয়েব সাইটে নিয়মিত আপলোড করা হয়েছে। | তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তি করতে হবে। | তথ্য প্রদানকারী কর্মকর্তা ও প্রধান প্রকৌশলীর স্টাফ অফিসার(নির্বাহী প্রকৌশলী) প্রশাসন ও প্রটোকল। |

05.06.2023

(নন্দিতা রানী সাহা)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন)
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা ও
সদস্য-সচিব
সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি।

স্মারক নম্বর-২৫.৩৬.০০০০.২২০.২৭.৬৪২.২০-২৫৯৬/১(১৫০)

তারিখঃ- ২২/০২/১৪৩০ বঙ্গাব্দ
০৫/০৬/২০২৩ খ্রিষ্টাব্দ

বিতরণ: (কার্যার্থে ও জ্ঞাতার্থে):

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ঢাকা গণপূর্ত জোন/ঢাকা মেট্রোপলিটন গণপূর্ত জোন, ঢাকা।
২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ............ গণপূর্ত জোন, ...........................।
৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত ই/এম জোন, ঢাকা।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী(সমন্বয়), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী(সংস্থাপন), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ....................গণপূর্ত সার্কেল-...........................।
৭। উপসচিব, উন্নয়ন শাখা-৮, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। প্রধান প্রকৌশলীর ষ্টাফ অফিসার-১ (নির্বাহী প্রকৌশলী), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
৯। নির্বাহী প্রকৌশলী (তদন্ত কোষ)/(ওএন্ডএম), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
১০। নির্বাহী প্রকৌশলী, .........................গণপূর্ত বিভাগ............................।
১১। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম এমআইএস বিভাগ-২, ঢাকা (সভার কার্য-বিবরণী গণপূর্ত অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।

গণপূর্ত অধিদপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ এর [১.১] কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে "সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ" কমিটির সভা আগামী ০৫/০৬/২০২৩ তারিখ সোমবার সকাল ১১.০০ ঘটিকায় কমিটির আহবায়ক অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওস) জনাব মোঃ শহিদুল আলম মহোদয়ের অফিস কক্ষে অনুষ্ঠিত সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের স্বাক্ষর নিম্নরুপ।

**<u>সভায় উপস্থিতি কর্মকর্তাবৃন্দের স্বাক্ষরঃ-</u>**

| | | | |
|---|---|---|---|
| ১। | জনাব নন্দিতা রাণী সাহা<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন)<br>গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, ঢাকা। | সদস্য-সচিব | 05.06.2023 |
| ২। | জনাব মোঃ মাহাবুব হাসান<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী (উন্নয়ন)<br>গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, ঢাকা। | সদস্য | 05/06/2023 |
| ৩। | জনাব মোঃ মাহাবুব হাসান<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়) (অঃ দাঃ)<br>গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, ঢাকা। | সদস্য | 05/06/2023 |
| ৪। | জনাব আইনুন নাহার এ্যানি<br>নির্বাহী প্রকৌশলী (ওএন্ডএম)<br>গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, ঢাকা। | সদস্য | ৫/৬/২৩ |